কালের কণ্ঠ

তারিখ ... 18 JAN 2017 ...
পৃ: ...৩... ...৩...

### এইচএসসি ও সমমান

# ২ এপ্রিল শুরু করার প্রস্তাব

**নিজস্ব প্রতিবেদক ▷**

এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ এপ্রিল থেকে শুরু করতে চায় শিক্ষা বোর্ডগুলো। এ লক্ষ্যে একটি সময়সূচি শিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য জমা দিয়েছে আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি। প্রস্তাবিত রুটিন অনুযায়ী, বাংলা প্রথম পত্রের মাধ্যমে শুরু হবে এবারের পরীক্ষা। তবে গত বছরের চেয়ে এবারের পরীক্ষার সময় প্রায় দুই সপ্তাহ কমিয়ে আনা হয়েছে। 'সেই হিসেবে এবার দুই প্তাহ আগেই পরীক্ষা শেষ করতে পারবে শিক্ষার্থীরা।

জানা যায়, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পরীক্ষার সময় কমিয়ে আনার কথা বলেছিলেন আগেই। দ্রুত পরীক্ষা শেষ হলে শিক্ষার্থীদের পরবর্তী শিক্ষার স্তর আগেভাগে শুরু করা যায়। সে হিসেবেই এবারের এইচএসসির সময়সূচি তৈরি করেছে আন্তশিক্ষা বোর্ড। এসএসসিতেও সময় কমিয়ে রুটিন তৈরির চিন্তাভাবনা করছে বোর্ডগুলো।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার বলেন, 'আমরা একটি প্রস্তাবিত সময়সূচি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পাঠিয়েছি।অনুমোদন পেলে তা প্রকাশ করা হবে।

গত বছর ৩ এপ্রিল এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। ব্যবহারিকসহ পরীক্ষা শেষ হয় ২০ জুন। তবে এবারের প্রস্তাবিত সূচিতে এই পরীক্ষা জুনের প্রথম সপ্তাহে শেষ হবে।'